



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

ফোন : ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল : dgmbcbd@krishibank.org.bd

বিষয়: মাঠ পর্যায়ের কার্যালয়ের দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিবর্তনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের (এপ্রিল-জুন ২০২২; ৪র্থ ত্রৈমাসিক) উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব জামিল হোসেন, ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তারিখ ও সময় : ২৩.০৬.২০২২, বিকাল ০৩:০০ ঘটিকা।
স্থান : জুম কনফারেন্সিং, বিকেবি, প্রধান কার্যালয়।
উপস্থিতি : ৯ টি বিভাগীয় কার্যালয় এবং ৯টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের ফোকাল পয়েন্ট ও শুদ্ধাচার সংশ্লিষ্ট কর্মকর্তা জুম কনফারেন্সিং এর মাধ্যমে সংযুক্ত ছিলেন।

০১. সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে Zoom Video Conferencing এ অংশগ্রহনকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সরকার কর্তৃক ঘোষিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে শুদ্ধাচার চর্চার বিষয় ব্যাখ্যা করেন। সকল কার্যালয়কে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিত গাইড লাইন মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিবর্তনা প্রনয়ন ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। সুষ্ঠু পরিবীক্ষণের নিমিত্ত ব্যাংকের ওয়েবসাইটে NIS Tab এ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের নামে পৃথক Tab খোলা হয়েছে। মাঠ কার্যালয়গুলোকে যথাসময়ে বিভিন্ন সভাসমূহ আয়োজন করে তার সিদ্ধান্ত বাস্তবায়নের পাশাপাশি নির্ধারিত সময়ের মধ্যেই অগ্রগতি প্রতিবেদনসমূহ আপলোড করার পরামর্শ দিয়ে স্বাগত বক্তব্য শেষ করেন।

০২. সভার ২য় পর্যায়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা জনাব মোঃ ওয়ালী-ওল-ইসলাম শুদ্ধাচার কৌশল কর্মপরিবর্তনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনা করেন এবং দাখিলকৃত শুদ্ধাচার কর্মপরিবর্তনা, ২০২২ এর অসঙ্গতি ও ত্রুটি নিয়ে পর্যালোচনা করেন।

০৩. সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

- ক) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিবর্তনা মোতাবেক চতুর্থ ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন পরামর্শ মোতাবেক নির্ভুলভাবে ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যেই আপলোড নিশ্চিত করতে হবে।
- খ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিবর্তনা অনুযায়ী বিভিন্ন সভা আয়োজন করে সেগুলোর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হবে।
- গ) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিবর্তনা, ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ছাড়াও শুদ্ধাচার বিষয়ক যে কোন সভার নোটিশ, কার্যবিবরণী এবং শুদ্ধাচার কার্যক্রম সংশ্লিষ্ট পত্রাদি Sub Tab সমূহে Upload করতে হবে।

০৪. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জামিল হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা,

জাতীয় শুদ্ধাচার কৌশল

কর্ম-পরিবর্তনা বাস্তবায়ন।